লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্য্যক্রম)
লক্ষ্মীপুর।

ফোন নং-০৩৮১-৬২৫৯৫, অভিযোগ কেন্দ্র-০৩৮১-৬২৫৬৭, E-mail: pbslkp@yahoo.com, Website : pbs.lakshmipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫১৪৩.৫৩৮.০০১.০৩.২০২২.২৯২৮ তারিখ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ জুন ২০২২ খ্রিস্টাব্দ

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত শূণ্য পদ পুরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪,৩০০-০৮ ও ৩০০-৫১ এবং লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে শূন্য পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
লাইন টেকনিশিয়ান	পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	(ক) এস এসসি অথবা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত ভাবে নুন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইনক্রু হিসাবে মোট চাকুরীকাল নুন্যতম ১০ (দশ) বছর হতে হবে। (খ) বিদ্যুৎ বিতরন সুবিধা সৃস্টিতে লাইন নির্মান, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ এবং ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পুরন হতে হবে। (ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মান নীতিমালাসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। (চ) লাইন ক্রুগনকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। (ছ) পদোন্নতির ক্ষেত্রে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-০৮,৩০০-১৪,৩০০-২৪ প্রতিপালন করা হবে।
ক্যাশিয়ার	পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	(ক) প্রার্থীর সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত ভাবে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রার্থীকে কম্পিউটার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি পরিচালনায় এবং রক্ষণাবেক্ষণে অভিজ্ঞ হতে হবে। (গ) প্রার্থীকে প্রতি মিনিটে কমপক্ষে ১০ (দশ) টি বাংলা এবং ৩০ (ত্রিশ) টি ইংরেজী শব্দ টাইপ করার সামর্থ্য থাকতে হবে। (ঘ) প্রার্থীকে সর্বশেষ ০৩ বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং কমপক্ষে ৩.৫০ (তিন দশমিক পাঁচ শুন্য) থাকতে হবে। (ঙ) এসএসসি বা সমমান এবং এইচএচসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে। (চ) নির্বাচিত প্রার্থীকে জনসাধারনের সহিত নম্র ও প্রফুল্লভাবে মিশে কাজ করার সক্ষমতা থাকতে হবে।

শর্তাবলী ঃ

০১। আবেদনকারীগনকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করনের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী ১৮-০৬-২০২২ খ্রিঃ তারিখ শনিবার ১০:০০ ঘটিকার সময় প্রার্থীগনকে স্ব-শরীরে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর সদর দপ্তরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র / দলিলাদি এজিএম (এইচআর/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ**

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) বিগত ০৩(তিন) বৎসরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।

(গ) শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) জাতীয় পরিচয় পত্র/ ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

(জ) প্রার্থীর বিরূদ্ধে বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক বর্তমানে বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা বিভাগীয় কার্যধারার অধীন তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষনে উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি।

(ঞ) সকল কাগজ পত্র সহকারী জেনারেল ম্যানেজার(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ট) শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৩। **পদোন্নতির জন্য স্বাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না ঃ**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১(এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।

(জ) ইতিপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

শর্তাবলী ঃ

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না।তবে লক্ষ্মীপুর জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০২। অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী বা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কের আত্মীয় স্বজনদের আবেদন করার প্রয়োজন নেই।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় "চলতি দায়িত্ব" পদে নিয়োগ করা হবে। "চলতি দায়িত্ব" থাকাকালীন ০১(এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষনে উত্তীর্ণ হলে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারন করা হবে।

০৫। ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে নিরাপত্তা জামানত হিসাবে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা জমা দিতে হবে, যাহা সফল ও সন্তোষজনকভাবে চাকুরী শেষে ব্যাংক সুদসহ ফেরত প্রদান করা হবে।

০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরূদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়, সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ সহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিনাঞ্চল)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।

০৪। ডিজিএম, (কারিগরী)/রামগঞ্জ/রায়পুর/রামগতি/চন্দ্রগঞ্জ/কমলনগর/ভবানীগঞ্জ জোনাল অফিস,লপবিস।

০৫। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব)/(সদস্য সেবা)/(ওএন্ডএম)/ (ইএন্ডসি)/(আইটি) লক্ষ্মীপুর পবিস।

০৬। নোটিশ বোর্ড, লক্ষ্মীপুর পবিস।

০৭। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার